ঝিনাইদহে ইন্সুরেন্স অফিসে এক যুবককে আটকে রেখে মুক্তিপন আদায়ের চেষ্টা

ঝিনাইদহে চাটার্ড লাইফ ইন্সুরেন্সের অফিসে ৩দিন যাবৎ এক যুবককে আটকে রেখে মুক্তিপন আদায়ের অভিযোগ উঠেছে ওই প্রতিষ্ঠানের কয়েকজন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে।

ভুক্তভোগীদের অভিযোগ সূত্রে জানা যায়, গত ২৯নভেম্বর চাটার্ড লাইফ ইন্সুরেন্সে কর্মরত ফারাবি আহম্মেদ রিয়াজ (২৩), ঝিনাইদহ শহরের বকুলতলা এলাকার একটি ছাত্রাবাস থেকে নয়ন আহম্মেদ (২২) নামে এক যুবককে পূর্বসম্পর্কের জের ধরে পিকনিকের দাওয়াত করে।

নয়ন এই দাওয়াতে উপস্থিত হলে ওই দিন রাত ১০টার দিকে তাকে আটকে ফেলে ৩ লক্ষ টাকা মুক্তিপন দাবী করে। এই মুক্তিপন আদায় করতে ফারাবি এবং একই অফিসে কর্মরত দেবাশীষ, সাকিব, পারভেজসহ অজ্ঞাত আরও কয়েকজন নয়নের উপর মারধর শুরু করে এবং তার ব্যবহৃত মোবাইল ফোনটি কেড়ে নেই । এক পর্যায়ে তারা নয়নের পিঠে ব্লেডদিয়ে কাটতে থাকে এবং মশার কয়েল দিয়ে পিঠে ও শরীরের বিভিন্ন স্থানে ছ্যাকা দেয়। যন্ত্রনা সইতে না পেরে নয়ন ফাঁকা স্ট্যাম্পে সই করতে বাধ্য হয়। এই স্ট্যাম্পে ৩লক্ষ টাকা লিখে নিয়ে নয়নের বাবাকে ফোনদিয়ে বলে আপনার ছেলে তিন লক্ষ টাকা ধার নিয়ে আর দিচ্ছে না আপনি দ্রুত টাকা নিয়ে আসলে আপনার ছেলেকে ছেড়ে দেওয়া হবে। এ অবস্থায় তারা নয়নকে নিয়ে অফিস ত্যাগ করে অজ্ঞাত স্থানে চলে যায়। নয়ন বিভিন্ন কৌশলে অটকের তিন দিন পর গত ৩ ডিসেম্বর তাদের কাছ থেকে পালাতে সামর্থ হয়। নয়ন মুক্তি পেয়ে ৩ তারিখে রাতে বাড়িতে এলে সবাই এই তথ্য নিশ্চিত হয় এবং অসুস্থ নয়নকে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কেন্দ্র ভর্তি হয়। দুই দিন চিকিৎসার পর নয়নের বাবা মোঃ ফারুক হোসেন গত ৬ডিসেম্বর ওইসব অপরাধীদের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় অভিযোগ করেন।

ভূক্তভোগী নয়ন আহম্মেদ ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামের মোঃ ফারুক হোসেনর ছেলে।
থানায় অভিযোগের সূত্র ধরে জানা যায়, চাটার্ড লাইফ ইন্সুরেন্সে কর্মরত ফারাবি আহম্মেদ রিয়াজ শৈলকুপা উপজেলার ফুলহরী কাজীপাড়া

গ্রামের রেজাউল ইসলামের ছেলে, দেবাশীষ (৩০) চুয়াডাঙ্গা সদর উপজেলার বদরগঞ্জ এলাকার দশমী গ্রামের দিলিপ কুমার বিশ্বাসের ছেলে, সাকিব (২৩) কোটচাঁদপুর উপজেলার সাব্দার গ্রামের ছেলে এবং পারভেজ (২৭) ঝিনাইদহ শহরের পবহাটী এলাকার ছেলে।

এছাড়াও এদের সাথে অজ্ঞাত আরও কয়েকজন যুবক ছিল বলে নয়নের পিতা জানিয়েছেন। দেবাশীষের যে ফোন দিয়ে নয়নের পিতার নিকট মুক্তিপন দাবী করেছিল ওই ফোনে (০১৭১৩৫৫৫৯২৬) যোগাযোগের চেষ্টা করা হলেও ফোনটি বন্ধ পাওয়া যায়।